শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Mobile: 01761-712688, 01711-906515, E-mail: aca@bau.edu.bd, Website: https://aca.bau.edu.bd

নং-শা-১/৬০২/শিক্ষা

তারিখঃ ২৯-০৮-২০২৪

# প্রজ্ঞাপন

অদ্য ২৯-০৮-২০২৪ তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলর, ছাত্র বিষয়ক উপদেষ্টা, ডিন পরিষদের সদস্যবৃন্দ, প্রভোস্ট পরিষদের সদস্যবৃন্দ, প্রক্টর এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকদের সাথে সাধারণ শিক্ষার্থীবৃন্দের আলোচনায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে -

(১) আগামী **০১ সেপ্টেম্বর ২০২৪** তারিখ রোজ রবিবার হতে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালু হবে।

(২) বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ ও পিএইচডি ডরমেটরি আগামী ৩১ আগস্ট ২০২৪ তারিখ রোজ শনিবার হতে খুলে দেয়া হবে।

(৩) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষা ও গবেষণার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, কর্মকর্তা ও কর্মচারীসহ সকল ধরনের দলীয় ও ছায়াসংগঠন ভিত্তিক রাজনীতি স্থায়ীভাবে নিষিদ্ধ করা হলো।

(৪) বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে প্রভোস্ট মহোদয়গণ ও হল কর্তৃপক্ষ সাধারণ শিক্ষার্থীদের সাথে আলোচনা সাপেক্ষে সকল সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৫) অনুষদের শিক্ষা এবং গবেষণার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে সাধারণ ছাত্র/ছাত্রীদের সাথে আলোচনা সাপেক্ষে ডিন কাউন্সিল কর্তৃক সমন্বিত নীতিমালা প্রণয়ন করা হবে এবং যথা সম্ভব দ্রুত বাকসু ও হল সংসদ নির্বাচন দেয়া হবে।

(৬) বিগত স্বৈরাচার সরকারের যারা দোসর ছিল তদন্ত কমিশন গঠনের মাধ্যমে তাদেরকে দ্রুত বিচারের আওতায় আনার লক্ষ্যে অবিলম্বে তদন্ত কমিশন গঠিত হবে ।

(৭) আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে কোন প্রকার হয়রানি মূলক আচরণ করা হবে না।

(৮) প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ন পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সাধারণ শিক্ষার্থীদের সাথে আলোচনা ও গ্রহণযোগ্যতা বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং তাদের কোন দলীয় পরিচয় বিবেচনা করা হবে না।

(৯) বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণে নারী নিরাপত্তা ও নিপীড়ন বিরোধী সেল এর কার্যক্রম সক্রিয় করা হবে।

(১০) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র‍্যাগিং, গেস্টরুম কালচার, মাদক, সিট বানিজ্য ও সকল ধরনের চাঁদাবাজি নিষিদ্ধ করা হল এবং এসবের ব্যত্যয় ঘটলে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়কে সেশনজট মুক্ত করতে দ্রুততার সাথে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

২৯/৮/২৪

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)